2018/EVEN/01/02/BNG–404
(A/B/C/D/E/F/G/H)/236

2 0 1 8

PG Even Semester (CBCS) Exam., May—2018

বাংলা

(4th Semester)

পাঠক্রম নং : BNGCC–404

Full Marks : 70
Pass Marks : 28

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

Candidates have to answer *either* from Option—A *or* Option—B *or* Option—C *or* Option—D *or* Option—E *or* Option—F *or* Option—G *or* Option—H

OPTION—A

Course No. : BNGCC–404 (A)

[**সাহিত্যতত্ত্ব; চিন্তাপ্রস্থান ও প্রয়োগ**—২]

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। *Introduction to the Structural Analysis of Narratives* প্রবন্ধের লেখক কে? দুজন বিখ্যাত আখ্যান-তাত্ত্বিকের নাম উল্লেখ করো। ''আখ্যান ও আখ্যানতত্ত্ব এখন বহুস্বরিক ও অনেকার্থদ্যোতক প্রক্রিয়ার নাম। বহুস্রোতের সংশ্লেষণে গড়ে উঠেছে এদের পরিসর।'' আখ্যানতত্ত্বের বৈশিষ্ট্যগুলি আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও। ১+২+১১=১৪

২। 'কঙ্কাবতী' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়েছিল? ত্রৈলোক্যনাথের অন্য যে কোনো দুটি উপন্যাসের নাম উল্লেখ করো। ''কঙ্কাবতীর বহুমাত্রিক আখ্যানপ্রকল্প সার্থক হয়ে উঠেছে বহুস্বরের সঙ্গতি-বিধায়ক উপস্থাপনায়।'' 'কঙ্কাবতী' উপন্যাসের আখ্যান বিশ্লেষণ করে সমালোচকের এই মন্তব্যটি বুঝিয়ে দাও। ১+২+১১=১৪

খ—গুচ্ছ

৩। 'হাঁসুলী বাঁকের উপকথা' উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? কত সালে এটি গ্রন্থাকারে প্রকাশিত হয়? 'যে গড়ে ভাই সেই ভাঙে রে'—এই গানটি কার কণ্ঠে উচ্চারিত হয়? ''কাহারদের গোষ্ঠীবদ্ধ জীবনের লোকায়ত ঐতিহ্যের সঙ্গে অস্থির বর্তমানের ক্রমপুঞ্জিত সংঘাতের নিরিখেই তারাশঙ্কর এ আখ্যানের প্রেক্ষিত রচনা করেছেন।'' পর্যালোচনা করো। ১+১+১+১১=১৪

৪। 'শেষপ্রশ্ন' উপন্যাসটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? লেখকের অন্য দুটি উপন্যাসের নাম লেখো। ''অনেক সমালোচকই 'শেষপ্রশ্ন' উপন্যাসে সমাজবিদ্রোহের চূড়ান্ত রূপ দেখতে পেয়েছেন।'' বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

গ—গুচ্ছ

৫। সাধন চট্টোপাধ্যায়ের দুটি উপন্যাসের নাম লেখো। '' 'সমস্ত সীমানা মুছে যাওয়ার পরে' কিংবা 'সমস্ত অবমানের পরে' কি ধরনের আখ্যান হতে পারে, তারই সম্ভাব্য উপস্থাপনার নিজস্ব আকল্প নির্মাণ করেছেন সাধন।'' মন্তব্যটি বিশ্লেষণ করো। ২+১২=১৪

৬। সাধন চট্টোপাধ্যায়ের জন্মসন কত? ''ঔপন্যাসিক সাধন চট্টোপাধ্যায় বিন্দুকে নির্দেশ করেছেন, তা থেকে বৃত্তে পৌঁছানো পাঠকের দায়। সময়ের অন্ধবিন্দুগুলিকে শনাক্ত করেই সময়ের সম্ভাব্য উদ্ভাসনের বৃত্তে পৌঁছানো সম্ভব।'' উপন্যাস পাঠের নিরিখে বিষয়টি পর্যালোচনা করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। 'আখ্যানের স্বরান্তর' বইটির লেখক কে? আখ্যানের সংজ্ঞা নিরূপণ করে কাহিনিকাব্যে আখ্যানের সামাজিক ও সাংস্কৃতিক উপযোগিতাগুলি বিশ্লেষণ করো। ১+৩+১০=১৪

৮। অমিয়ভূষণের প্রথম উপন্যাস কোনটি, কত সালে উপন্যাসটি প্রকাশিত হয়? ''অমিয়ভূষণ সময় ও পরিসরের ক্রনোটোপকে নানাভাবে ভাঙেন বলেই তাঁর আখ্যানবিশ্বে প্রায় অন্তহীন উচ্চাবচতা তৈরী হয়।'' 'মহিষকুড়ার উপকথা' উপন্যাসটির সময় ও পরিসর আলোচনা করে বিষয়টি বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। 'কোষাগার' গল্পগ্রন্থটি কত সালে প্রকাশিত হয়েছিল? এই সংকলনে মোট কটি গল্প সন্নিবিষ্ট হয়েছে? ''শেখর দাস-এর গল্প-ভুবন আখ্যানের নতুনতর সম্ভাবনায় উদ্ভাসিত।'' আলোচনা করো। ১+১+১২=১৪

১০। শেখর দাস-এর 'আজান' গল্পটি কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল? এই গল্পে মোট পরিচ্ছেদ কটি? ''শেখর দাস-এর গল্পবিশ্বকে বিশিষ্ট করেছে তাঁর অনবদ্য গদ্যভাষা।'' আলোচনা করো। ১+১+১২=১৪

OPTION—B

Course No. : BNGCC–404 (B)

(প্রাচীন ও মধ্যযুগের বাংলা সাহিত্য—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। পুথি শব্দটি কোথা থেকে এসেছে? পুথির বিভিন্ন ধরনের বিভাগের উল্লেখ করো। উদাহরণসহ পুথির গুরুত্বপূর্ণ অংশ 'পুষ্পিকা' নিয়ে আলোচনা করো। ১+৪+৯=১৪

২। পাণ্ডুলিপি কী? পাণ্ডুলিপি শব্দটি কবে প্রথম ব্যবহৃত হয়? মধ্যযুগের পুথি সম্পাদনায় যে বিষয়গুলির উপর গুরুত্ব দেওয়া হয়ে থাকে সেগুলি নিয়ে আলোচনা করো। ২+১+১১=১৪

খ—গুচ্ছ

৩। 'মনসামঙ্গল' কাব্যের সমালোচনায় গুরুত্বপূর্ণ অবদান রেখেছেন, এমন দুজনের নাম লেখো। '' 'মনসামঙ্গল' কাব্যে মতাদর্শগত বিরোধ ও শ্রেণীদ্বন্দ্ব যেভাবে উচ্চকিত হয়ে উঠেছে, বাংলা সাহিত্যে তা তুলনারহিত। কারণ 'মনসামঙ্গল'-এর বিস্তৃত পটভূমিতে আছে সরাসরি পরস্পরবিরোধী দুটি সম্প্রদায়—একটি উচ্চবিত্ত সম্প্রদায়, অন্যটি নিম্নবিত্ত ও বিত্তহীন সম্প্রদায়।'' বিজয়গুপ্তের 'মনসামঙ্গল' কাব্য অবলম্বনে মন্তব্যটি বিশদ করো। ২+১২=১৪

৪। পশ্চিমবঙ্গীয় ঐতিহ্য প্রকাশ পেয়েছে এমন দুজন 'মনসামঙ্গল' রচয়িতার নাম উল্লেখ করো। ''তন্ত্রবিভূতির মনসা একই দেহে দেবী ও মানবী।'' আলোচনা করো। ২+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'উজ্জ্বল নীলমণি'র রচয়িতা কে? বইটি কোন্ গ্রন্থের উত্তরভাগ? বৈষ্ণবীয় মতানুসারে রসপঞ্চকের নাম লেখো। রসশাস্ত্র হিসেবে 'উজ্জ্বল নীলমণি'র উদ্দেশ্য ও বিশিষ্টতা প্রতিপন্ন করো। ১+১+২+১০=১৪

৬। গৌড়ীয় বৈষ্ণবতত্ত্বের ত্রিধারা কী কী? পারমার্থিক রস হিসেবে বৈষ্ণব অলঙ্কারশাস্ত্রের কোন্ রস স্বীকৃত? 'উজ্জ্বল'-এর দুটি টীকার নাম লেখো। পাঠ্য অনুসরণে নায়ক বা নায়িকার লক্ষণ ও বৈশিষ্ট্য আলোচনা করো। ৩+১+১+৯=১৪

ঘ—গুচ্ছ

৭। 'চণ্ডীমঙ্গল' কাব্যের অন্তর্গত দুটি টাইপ চরিত্রের নাম লেখো। 'চণ্ডীমঙ্গল' কাব্যে কবির ইতিহাসচেতনা ও কালচেতনার যে পরিচয় পাওয়া যায় তা বিশদ করো। ২+১২=১৪

৮। ঘনরাম চক্রবর্তী কোন্ শতাব্দীর কবি ছিলেন? ''ধর্মঠাকুর প্রচ্ছন্ন বৌদ্ধ দেবতা।'' এই মন্তব্যটি কে করেছিলেন? ''সপ্তদশ শতাব্দীর মধ্যভাগ থেকে যে নবজাত পৌরাণিক হিন্দু ঐতিহ্য বাংলার নব্য-স্মৃতিশাসিত সমাজে ক্রমশ পূর্ণ বিকশিত হয়ে উঠেছিল, তার সার্থক অভিব্যক্তি লক্ষিত হয়ে থাকে 'ধর্মমঙ্গল' কাব্যে।'' মন্তব্যটি বিশদ করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। তুর্কি আক্রমণ কবে সংঘটিত হয়েছিল? ''বৌদ্ধবিহার ও ব্রাহ্মণ্যমন্দিরগুলি প্রথমেই আক্রান্ত হয়েছিল তুর্কি অভিযানকারীদের দ্বারা। প্রধান উদ্দেশ্য ছিল লুট, আর অবান্তর উদ্দেশ্য ছিল জাতির মর্মস্থান দেবীপীঠগুলির উপর আঘাত হেনে জনসাধারণের মনে ত্রাস জাগিয়ে নিশ্চেষ্ট করে দেওয়া।'' পর্যালোচনা করো। ১+১৩=১৪

১০। সুকুমার সেনের মতে বঙ্গদেশে মুসলমান শক্তির বিজয়লাভের প্রধানতম কারণ কী? ''ষোড়শ শতাব্দীর মধ্যভাগে পাঠান রাজশক্তি মোগল সাম্রাজ্য শক্তির কাছে পরাজিত হওয়ার সময়ে বাংলায় যে দুর্যোগ দেখা দিয়েছিল তার যথার্থ বর্ণনা রয়েছে মুকুন্দ চক্রবর্তীর আত্মকাহিনীতে।'' মুকুন্দ চক্রবর্তীর আত্মকাহিনী অবলম্বনে মন্তব্যটি বিশদ করো। ১+১৩=১৪

OPTION—C

Course No. : BNGCC–404 (C)

(রবীন্দ্রসাহিত্য—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। রবীন্দ্রসাহিত্য সমালোচনার ধারায় বিশ শতকের শেষ পর্বের তিনজন রবীন্দ্রসাহিত্য সমালোচকের নাম লেখো। ''একালের প্রেক্ষিতে রবীন্দ্রসাহিত্য-পাঠের গুরুত্ব, তাৎপর্য বা উপযোগিতা ইত্যাদি শব্দ নিয়ে বাক্‌বিস্তার নিষ্প্রয়োজন। তবে এই প্রজন্মের কাছে রবীন্দ্রনাথের রচনার সঙ্গে পরিচিত হওয়ার দু-চারটি বস্তুবাদসম্মত রীতির উত্থাপন খুবই জরুরি।'' সমালোচকের এই মন্তব্যের আলোকে রবীন্দ্রসাহিত্য সমালোচনায় উক্ত জরুরি প্রসঙ্গ বিশদ করো। ৩+১১=১৪

২। রবীন্দ্রনাথের প্রয়াণের পরবর্তী সময়ের অর্থাৎ ১৯৫০ থেকে ১৯৭৫ এই কালপর্বের দুজন সমালোচকের নাম উল্লেখ করো। ''একালের প্রেক্ষিতে রবীন্দ্রনাথ সম্ভাব্য ভবিষ্যতের অগ্রগামী পথপ্রদর্শক। তাঁর নন্দনবিশ্বকে রবীন্দ্রনাথ জীবন পরিচর্যার সঙ্গে অন্বিত করে পরিণতি দিলেন ভিন্নতর প্রত্যাশাময় স্বভূমিতে যেখানে তিনি অদ্বিতীয়।'' উক্তিটির সার্থকতা বিচার করো। ২+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'জীবনস্মৃতি' কোন্ পত্রিকায় প্রথম প্রকাশিত হয়? গ্রন্থাকারে এর প্রকাশকাল কত? স্মৃতিচিত্রের সাহিত্যমূল্য ও ঐতিহাসিকতা সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

৪। 'জীবনস্মৃতি' লেখকের কত বছর বয়সের রচনা? গ্রন্থটিতে যে বিষয়-বিধৃত পর্ব আছে তাতে বিভিন্ন কাব্যের নাম আছে, যে কোনো তিনটি কাব্যের নাম উল্লেখ করো। ''আমি একটি সূত্র বাহিয়া স্মৃতিগুলিকে সাজাইতে ছিলাম। সেই সূত্রটিই ... আমার লেখকজীবনের ধারা।'' পাঠ্য অনুসরণে কবির কাব্যসত্তার বিকাশপর্বটি উল্লেখ করো। ১+৩+১০=১৪

গ—গুচ্ছ

৫। রবীন্দ্রনাথের শিক্ষা-বিষয়ক যে কোনো তিনটি প্রবন্ধের নাম লেখো। সমকালীন প্রেক্ষিতে রবীন্দ্রনাথের শিক্ষাভাবনা ও শিক্ষাদর্শের গুরুত্ব ও তাৎপর্য পাঠ্য-প্রবন্ধের অনুসরণে আলোচনা করো। ৩+১১=১৪

৬। রবীন্দ্রনাথের শিক্ষাভাবনা ও শিক্ষাদর্শন ফুটে উঠেছে এমন একটি নাটকের নাম লেখো। রবীন্দ্রনাথ শিক্ষার মুক্তির যে পরিসর ও পন্থাসমূহ উল্লেখ করেছেন তার তাৎপর্য বিশ্লেষণ করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। রবীন্দ্রনাথের 'সাহিত্যের পথে' প্রবন্ধে সর্বমোট কয়টি প্রবন্ধ আছে? 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধের মূল বিষয় পরিস্ফুট করো। ২+১২=১৪

৮। 'সাহিত্যের পথে'র 'বাস্তব' প্রবন্ধটি কবে, কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? ''বাস্তবের সেই হট্টগোলের মধ্যে পড়িলে কবির কাব্য হাটের কাব্য হইবে।'' সাহিত্যের বাস্তব বলতে রবীন্দ্রনাথ কি বোঝাতে চেয়েছেন, পাঠ্য-প্রবন্ধ অবলম্বনে আলোচনা করো। ২+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। রবীন্দ্রনাথের 'মানুষের ধর্ম' প্রবন্ধগ্রন্থের প্রবন্ধগুলি কবে, কোথায় বক্তৃতাকারে প্রদত্ত হয়েছিল? ''বিজ্ঞান সত্য, সাধন ও সৃজনের ক্ষেত্র অন্বেষণ ও পূর্ণতার অভিপ্রায়ে 'মানুষের ধর্ম' প্রোজ্জ্বল।'' আলোচনা করো। ২+১২=১৪

১০। রবীন্দ্রনাথের 'মানুষের ধর্ম' ইংরেজিতে কি নামে খ্যাত? ''রবীন্দ্রনাথের আধ্যাত্মিকতা ও দার্শনিক প্রত্যয়, 'মানুষের ধর্ম'কে আশ্রয় করে মানবতার স্বর্গীয় প্রকাশকে উচ্চকিত করেছে।'' আলোচনা করো। ১+১৩=১৪

OPTION—D

Course No. : BNGCC–404 (D)

[**লোকসাহিত্য ও লোকসংস্কৃতি—২**]

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। উত্তর-পূর্ব ভারতের রাজ্যগুলিকে কে, কোন্ বইতে সর্বপ্রথম 'Seven Sisters' বলে অভিহিত করেছিলেন? শ্রীহট্ট-কাছাড়ের আদি অধিবাসী কারা ছিল? এ সম্পর্কে তোমার অভিমত উপস্থাপন করো। ২+১২=১৪

২। 'কিরাত জন-কৃতি' কার লেখা? 'শ্রীহট্ট' শব্দের প্রথম উল্লেখ কোথায় পাওয়া যায়? ''বরাক উপত্যকার সিদ্ধেশ্বর কপিলাশ্রম তীর্থের সঙ্গে রয়েছে অস্ট্রিক নদী-দেবী কুপলির সম্পর্ক।'' ইতিহাস ও প্রচলিত জনশ্রুতির আলোকে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। তথ্য (data) কত প্রকার ও কী কী? ক্ষেত্রসমীক্ষার পদ্ধতিগুলি সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪

৪। তথ্য সংগ্রহের পদ্ধতিগুলি উল্লেখ করো। ক্ষেত্রসমীক্ষার মাধ্যমে আহরিত লোকসংস্কৃতি-বিষয়ক তথ্যগুলির সাহায্যে একটি প্রতিবেদন প্রস্তুত করো। ৪+১০=১৪

গ—গুচ্ছ

৫। বরাক উপত্যকার আঞ্চলিক বাংলায় প্রচলিত 'ধাঁধা'র সমার্থক দুটি প্রতিশব্দ লেখো। বরাক উপত্যকায় প্রচলিত ধাঁধার গঠন-কৌশল অথবা এই অঞ্চলের ছড়ায় প্রতিফলিত সমাজ-জীবন সম্পর্কে আলোচনা করো। ২+১২=১৪

৬। 'বাংলার ব্রতপার্বণ' বইটি কার লেখা? বরাক উপত্যকায় প্রচলিত কৃষির সঙ্গে সম্পৃক্ত একটি ব্রতের নাম লেখো। ''ব্রতকথা আসলে অন্তেবাসী জীবনের নিরুদ্ধ কণ্ঠস্বরের প্রকাশ। তাতে পিতৃতন্ত্রের দাপটের মধ্যে নারীর নিজস্ব পরিসর সন্ধানের রূপক লোকায়ত ভাষায় ব্যক্ত হয়।'' বরাক উপত্যকায় প্রচলিত যে কোনো একটি ব্রতকথা অবলম্বনে মন্তব্যটি বিশদ করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। 'নিশীথে যাইও ফুলবনে রে ভোমরা' গানটির রচয়িতা কে? লোকসংগীতের শ্রেণীবিভাগগুলি উল্লেখ করো। লোকসংগীত ও পরিশীলিত সংগীতের পার্থক্যগুলি নির্দেশ করো। ১+৫+৮=১৪

৮। 'শ্রীহট্টের লোকসংগীত'এ সংকলিত গানগুলির সংগ্রাহক কে? পাণ্ডুলিপিতে বইটির নাম কি ছিল? ভাটিয়ালি গানের স্বরূপ, বিষয় ও সংগীতাঞ্চল সম্পর্কে আলোচনা করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। বরাক উপত্যকার বারমাসি গানের সঙ্গে সংশ্লিষ্ট লোকবিশ্বাসগুলির পরিচয় দাও। এই অঞ্চলের বারমাসি গানের সঙ্গে সংশ্লিষ্ট আচার সম্পর্কে আলোচনা করো। ৭+৭=১৪

১০। ''বারমাসি গানের সাক্ষাৎ প্রথম কোথায় পাওয়া যায়? কোন্ ধরনের গানকে বারমাসি গান বলে? উদাহরণসহ বিভিন্ন ধরনের বারমাসি গানের উল্লেখ করো। বরাক উপত্যকার বারমাসি গানগুলিকে শুধুমাত্র প্রেম বা বিরহসংগীত বলে মনে হয় না।'' আলোচনা করো। ১+২+৪+৭=১৪

OPTION—E

Course No. : BNGCC–404 (E)

(বাংলা সাহিত্যের নারীচেতনাবাদী ও উপনিবেশোত্তর চেতনাবাদী অধ্যয়ন—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। 'উপনিবেশোত্তর চেতনা' এই পরিভাষাটির সংজ্ঞা নিরূপণ করো। উপনিবেশোত্তর চেতনা নামক সমালোচনা তত্ত্বটির পাঁচটি বৈশিষ্ট্য লেখো। ''উপনিবেশকের সংস্কৃতি কীভাবে উপনিবেশিতের সংস্কৃতিকে বিকৃত করে তাকে নিকৃষ্ট হিসেবে প্রমাণিত করে তাই চিহ্নিত করতে চায় উপনিবেশোত্তর চেতনাবাদ।'' পর্যালোচনা করো। ২+৫+৭=১৪

২। 'ডি-কলোনাইজিং দি মাইন্ড' বইটির লেখক কে? বি-উপনিবেশায়ন বলতে কি বোঝায়? ''প্রত্যাখ্যাত অপর সত্তাদের পরিসরে মনোযোগ কেন্দ্রীভূত করতে চায় বলেই উপনিবেশোত্তর চেতনাবাদী পাঠের মধ্যে সক্রিয় থাকে সংগ্রামী চেতনা।'' কোনো একটি উপন্যাসের আলোচনার মাধ্যমে বিষয়টি স্পষ্ট করো। ১+৩+১০=১৪

খ—গুচ্ছ

৩। 'সূর্যদীঘল বাড়ী' উপন্যাসটি কোন্ পত্রিকায়, কত সালে প্রকাশিত হয়? ''সমাজের শোষকশ্রেণির আধিপত্যকামী মানসিকতার বিরুদ্ধে সংগ্রামশীল মানুষের নিরন্তর সংগ্রামের দলিল এই উপন্যাস।'' তোমার পাঠ-অভিজ্ঞতার সাহায্যে পর্যালোচনা করো। ১+১+১২=১৪

৪। গুণময় মান্না রচিত প্রথম উপন্যাস কোনটি? 'মুটে' উপন্যাসের প্রকাশকাল কত? উপনিবেশোত্তর চেতনার সাহিত্যিক অভিব্যক্তি এ-উপন্যাসে কতটা ফুটে উঠেছে, বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'খোয়াবনামা' শব্দের অর্থ কী? এই উপন্যাসে প্রধান নারী-চরিত্রগুলির ভূমিকা বিশ্লেষণ করো। ১+১৩=১৪

৬। 'খোয়াবনামা' উপন্যাসটি কত সালে প্রকাশিত হয়? এই উপন্যাসে ব্যক্তির পারিবারিক এবং সামাজিক স্বপ্ন ও সম্ভাবনার নির্মাণের স্বরূপ আলোচনা করো। ১+১৩=১৪

ঘ—গুচ্ছ

৭। 'স্বজনভূমি' উপন্যাসে রতিকান্তের মায়ের নাম কী? অতুল কামিল্যা কত বঙ্গাব্দে সংগ্রাম করেছিল? তেভাগা আন্দোলন 'স্বজনভূমি' উপন্যাসে কীভাবে উপনিবেশোত্তর আবহ তৈরী করেছে, বুঝিয়ে দাও। ১+১+১২=১৪

৮। 'স্বজনভূমি' উপন্যাসে উল্লিখিত নদীর নাম কী? উপন্যাসের চৌদ্দ সংখ্যক পরিচ্ছেদে মোট কতজন শহিদের নাম উল্লিখিত হয়েছে? ''উপনিবেশোত্তর সময়পর্বেও নব্য-উপনিবেশবাদের বিরুদ্ধে সংগ্রামই আলোচ্য উপন্যাসের মুখ্য উপজীব্য।'' বিষয়টি স্পষ্ট করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। পাঠ্যগ্রন্থটি ব্যতিরেকে সেলিনা হোসেনের অন্য দুটি উপন্যাসের নাম লেখো। ''উপন্যাসে ভাষা শুধু ভাব প্রকাশই করে না, সমাজতত্ত্বকেও উদ্‌ঘাটিত করে।'' 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসটিকে অবলম্বন করে পোস্ট-কলোনিয়েল দৃষ্টিভঙ্গি থেকে মন্তব্যটি আলোচনা করো। ২+১২=১৪

১০। 'নীল ময়ূরের যৌবন' উপন্যাসটি একটি দেশের ভাষা-আন্দোলনের প্রেক্ষিতে লেখা হয়েছে, সেই দেশটির নাম কী? কত সালে দেশটি স্বাধীন হয়েছিল? ''পোস্ট-কলোনিয়েল দৃষ্টিভঙ্গি থেকে ইতিহাসের পেছনেও যে লুকিয়ে থাকে আর এক ইতিহাস তার সন্ধান পাওয়া যায় এ উপন্যাসে।'' আলোচনা করো। ২+১২=১৪

OPTION—F

Course No. : BNGCC–404 (F)

(ভাষাবিজ্ঞান)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। ১৯ শতকের দুজন বিখ্যাত ভাষাবিজ্ঞানীর নাম এবং তাঁদের দুটি বিখ্যাত গ্রন্থের নাম উল্লেখ করো। তুলনামূলক ভাষাতত্ত্ব চর্চায় ১৯ শতকের যে কোনো দুজন ভাষাবিজ্ঞানীর অবদান আলোচনা করো। ২+২+১০=১৪

২। তুলনামূলক ভাষাবিজ্ঞান আলোচনার অগ্রগতিতে কোন্ যন্ত্র বিশেষ ভূমিকা নিয়েছিল? তুলনামূলক ভাষাতত্ত্ব আলোচনার সূত্রপাত কে করেছিলেন? তুলনামূলক ভাষাতত্ত্ব আলোচনায় শ্লেগেল, রাস্ক এবং বপ্-এর অবদান আলোচনা করো। ১+১+১২=১৪

খ—গুচ্ছ

৩। 'রেজিস্টার' বলতে কি বোঝায়? হ্যালিডের অনুসরণে 'রেজিস্টার'-এর মাত্রাগুলি আলোচনা করো। রেজিস্টার ও রীতির সম্পর্ক আলোচনা করো। মার্টিন জোস-এর অনুসরণে রীতির প্রকারভেদ বিষয়ে একটি নিবন্ধ লেখো। ২+৩+১+৮=১৪

৪। সংজ্ঞাপক দক্ষতা বলতে কি বোঝ? সংজ্ঞাপক উপাদান বলতে কি বোঝ, উদাহরণ সহযোগে আলোচনা করো। ৪+১০=১৪

গ—গুচ্ছ

৫। মানব মস্তিষ্কের ডান এবং বাম গোলার্ধের ভূমিকা আলোচনা করো। ব্রোকাস্ অঞ্চল, ভের্নিকস্ অঞ্চল ও অ্যাঙ্গুলার জাইরাস সম্পর্কে আলোচনা করো। ৫+৯=১৪

৬। 'মনোভাষাবিজ্ঞান' বলতে কি বোঝ? বয়ঃক্রম বৃদ্ধির সঙ্গে মানবশিশুর ভাষা-শিক্ষার ক্রমের সাধারণ রূপটি আলোচনা করো। মানবমস্তিষ্কের ক্ষতির ফলে ভাষা ব্যবহারের সমস্যা (disorder)গুলি আলোচনা করো। ২+৬+৬=১৪

ঘ—গুচ্ছ

৭। দুই বা ততোধিক ভাষার সংযোগে কোন্ কোন্ পরিস্থিতির সৃষ্টি হতে পারে তার সম্পর্কে আলোচনা করো। ১৪

৮। সমাজভাষাবিজ্ঞানে 'ভাষা আন্দোলন' বলতে কি বোঝানো হয়? রাষ্ট্রভাষার মর্যাদাকে কেন্দ্র করে ভারতবর্ষে যে ভাষাবিরোধের ইতিহাস তার সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লেখো। ৪+১০=১৪

ঙ—গুচ্ছ

৯। তুমি কোন্ অঞ্চলে, কি বিষয়ে ক্ষেত্রসমীক্ষা করেছ? ক্ষেত্রসমীক্ষার ভিত্তিতে একটি বিশদ প্রতিবেদন প্রস্তুত করো। ২+১২=১৪

১০। ক্ষেত্রসমীক্ষার মাধ্যমে সমাজভাষাবিজ্ঞানে গবেষণার যে বিভিন্ন পদ্ধতি আছে তার সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করো। ১৪

OPTION—G

Course No. : BNGCC–404 (G)

(কথাসাহিত্য—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। ছোটোগল্পের সংজ্ঞা ও বৈশিষ্ট্য বিস্তারিতভাবে ব্যাখ্যা করো। ''বুদ্ধদেব বসু কিছু মজা করে বলেছিলেন ছোটোগল্প হলো 'সাহিত্যের হোল্ডল'। সব কিছুকে একটা ছোট্ট মাপে ঢুকিয়ে দেওয়া।'' বিষয়টি আলোচনা করো। ৭+৭=১৪

২। নকশালবাড়ি আন্দোলন কত খ্রিস্টাব্দে হয়েছিল? ''মানুষকে ধরার তাগিদে, বলা ভালো সম্পূর্ণ করে চেনার ও জানার আকাঙ্ক্ষায় ছোটোগল্প মানুষের সঙ্গে সমাজকে-শুদ্ধ জড়িয়ে নেয়।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১৩=১৪

খ—গুচ্ছ

৩। 'বনফুল' কার ছদ্মনাম? ''মানুষের মূল্যবোধের রূপান্তরের চেতনা বনফুলের গল্পে তাৎপর্যপূর্ণভাবে ধরা পড়েছে।'' তোমার পঠিত কয়েকটি গল্প অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো। ১+১৩=১৪

৪। বনফুল কবে, কোথায় জন্মগ্রহণ করেন? তাঁর গল্পে সমাজচেতনা এক ভিন্ন দৃষ্টিকোণে প্রতিপন্ন হয়—পর্যালোচনা করো। ২+১২=১৪

গ—গুচ্ছ

৫। হিন্দী চলচ্চিত্রায়ণে 'রস' গল্পের পরিবর্তিত নামটি কী? গল্পের শেষের সহমর্মিতা, জীবনের হিসেব-নিকেশ, সম্পর্কের সংযোগকে মিথ্যে করে 'রস' এক ভিন্ন মাত্রার তাৎপর্য পেল—বিষয়টি আলোচনা করো। ১+১৩=১৪

৬। নরেন্দ্রনাথ মিত্রের প্রথম প্রকাশিত গল্প ও গল্প-সংকলনের নাম লেখো। ''পারিবারিক গণ্ডির ভিতরে ও বাইরে মানুষের সঙ্গে মানুষের বিচিত্র সম্পর্ক, একের সঙ্গে অন্যের মিলিত হবার দুর্বার আকাঙ্ক্ষা বারবার আমার গল্পের বিষয় হয়ে উঠেছে।'' লেখকের এ বক্তব্য কতটা সার্থক, পাঠ্যগল্প অবলম্বনে বিচার করো। ১+১+১২=১৪

ঘ—গুচ্ছ

৭। মহাশ্বেতা দেবীর জন্মসন কত? ''বিভিন্ন ছোটোগল্পে প্রাপ্ত ব্রাত্যজীবনের আর্থ-সামাজিক-রাজনৈতিক-সাংস্কৃতিক-ধর্ম-নৈতিক জীবনের পরিচয় বাংলা ছোটোগল্পের জগৎটিকে সমৃদ্ধ করেছে।'' মহাশ্বেতা দেবীর গল্প অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১৩=১৪

৮। স্বপ্নময় চক্রবর্তীর একটি উপন্যাসের নাম লেখো। পঠিত গল্প অবলম্বনে স্বপ্নময় চক্রবর্তীর গল্পবীক্ষা ও গল্পশৈলীর পরিচয় দাও। ১+১৩=১৪

ঙ—গুচ্ছ

৯। মলয়কান্তি দে-এর জন্মসন কত? পঠিত গল্প অবলম্বনে মলয়কান্তি দে-এর গল্পভাষা ও গল্পবীক্ষার পরিচয় দাও। ১+১৩=১৪

১০। 'আত্মপরিচয়' গ্রন্থের কোন্ তিনটি গল্প অসমীয়া ভাষায় অনূদিত হয়েছে? সমকালীন সময় ও সমাজ মলয়কান্তি দে-এর ছোটোগল্পে এক ভিন্ন দৃষ্টিকোণে ফুটে উঠেছে—তোমার পাঠ-অভিজ্ঞাতার সাহায্যে বিষয়টি আলোচনা করো। ৩+১১=১৪

OPTION—H

Course No. : BNGCC–404 (H)

(উত্তর-পূর্ব ভারতের বাংলা সাহিত্য ও সংস্কৃতি—২)

প্রতিটি গুচ্ছ থেকে **একটি** করে প্রশ্ন নিয়ে মোট **পাঁচটি** প্রশ্নের উত্তর দাও

ক—গুচ্ছ

১। উত্তর-পূর্ব ভারতে কয়টি রাজ্য রয়েছে? রাজন্যশাসিত ত্রিপুরা ও মণিপুর কত সালে স্বাধীন ভারতের অন্তর্ভুক্ত হয়? উত্তর-পূর্ব ভারতের জনজীবনে দেশভাগের প্রভাব বিষয়ে একটি নিবন্ধ লেখো। ১+১+১২=১৪

২। *Troubled Periphery* এবং 'উত্তর-পূর্ব ভারত : সেদিন ও আজ' গ্রন্থ দুটির লেখকের নাম লেখো। উত্তর-পূর্ব ভারতের বাঙালি অস্তিত্বের বহুমাত্রিক সংকটের ঐতিহাসিক-রাজনৈতিক পরিপ্রেক্ষিত আলোচনা করো। সাহিত্যে এই অস্তিত্বসংকটের বিষয়টি কীভাবে প্রতিফলিত হয়েছে, এ-বিষয়ে সংক্ষেপে আলোকপাত করো। ২+৭+৫=১৪

খ—গুচ্ছ

৩। 'অগ্নিসূত্র' উপন্যাসের রচনাকাল উল্লেখ করো। শাণিত সেনগুপ্ত শিলচর শহরের কোন্ কলেজের ছাত্র? ''ত্রিপুরার দ্বান্দ্বিক ইতিহাসের আর্থ-সামাজিক ও মানবিক মূল্যবোধের পরামানবিক বিন্যাসজটিলতা 'অগ্নিসূত্র' উপন্যাস।'' মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৪। 'অগ্নিসূত্র' উপন্যাসে উল্লিখিত দারোগার নাম কী? শাণিত সেনগুপ্ত কোন্ বিভাগে চাকরি পেয়েছিল? ত্রিপুরার রাজনৈতিক ইতিহাসের দলিল হয়ে উঠেছে 'অগ্নিসূত্র' উপন্যাস—আলোচনা করো। ১+১+১২=১৪

গ—গুচ্ছ

৫। 'সুরমা গাঙর পানি' উপন্যাসটি কোন্ পত্রিকায় ধারাবাহিকভাবে প্রকাশিত হয়েছিল? গ্রন্থাকারে এটি কবে প্রকাশিত হয়? ''বৈতল চরিত্রের অন্তর্লোকের নির্মিতিতে গুরু সৃষ্টিধরের রয়েছে গুরুত্বপূর্ণ ভূমিকা। আচরণ আর উচ্চারণে তাই বারবার সৃষ্টিধরকেই খুঁজে পাই আমরা।'' মন্তব্যটি বিশ্লেষণ করো। ১+১+১২=১৪

৬। আঞ্চলিক উপন্যাসের লক্ষণগুলি কী কী? 'সুরমা গাঙর পানি' আঞ্চলিক উপন্যাস হিসাবে কতটা সার্থক, বিচার করো। ৪+১০=১৪

ঘ—গুচ্ছ

৭। 'সমান্তরাল' গল্প-সংকলনটি কত সালে প্রকাশিত হয়? এই গ্রন্থে মোট কটি গল্প সন্নিবিষ্ট হয়েছে? দেশকালীন বাস্তবের প্রেক্ষাপটে মানবিক সম্পর্কের সুগভীর প্রকাশ কীভাবে স্বপ্না ভট্টাচার্যের গল্পবিশ্বকে বিশিষ্ট করেছে, আলোচনা করো। ১+১+১২=১৪

৮। 'সমান্তরাল'-এর পরবর্তী পর্যায়ে প্রকাশিত স্বপ্না ভট্টাচার্যের একটি গল্পগ্রন্থের নাম লেখো। কোন্ জাপানি লেখকের রচনার অনুবাদ করেছেন এই গল্পকার? '' 'উজান' গল্পটিতে বরাক উপত্যকার বিপন্ন মানুষের শিকড়হীনতা আর শিকড়সংলগ্নতার এক চমৎকার সংলাপ গড়ে উঠেছে।'' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঙ—গুচ্ছ

৯। হোসে সারামাগো কোন্ ভাষায় লেখালেখি করেন? কত খ্রিস্টাব্দে তিনি নোবেল পুরস্কারে সম্মানিত হন? হোসে সারামাগোর সাহিত্যকৃতির বৈশিষ্ট্যগুলির পরিচয় দাও। ১+১+১২=১৪

১০। ওবহান পামুকের প্রথম উপন্যাসের নাম কী? এটি কত সালে প্রকাশিত হয়? ''তুরস্কের সংস্কৃতি, ইতিহাস ও লোককথার ঐতিহ্যই পামুকের অন্তর্ভুবনের প্রকৃত নির্মাতা।'' পঠিত প্রবন্ধ অবলম্বনে মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

★★★